




চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯



E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০৭.০২৬.২০.১৩

তারিখ : ১৯ জানুয়ারী ২০২১ ইং

দরপত্র বিজ্ঞপ্তি


- ০১। অত্র সমিতির তালিকাভুক্ত আগ্রহী ঠিকাদারগণের নিকট হতে ডিএনই (শতভাগ) প্রকল্পের আওতায় লাইন নির্মান/স্থানান্তর/রক্ষনাবেক্ষণ কাজের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২। দরপত্র দলিল নিম্নে ছক মোতাবেক বিড প্যাকেজ ওয়ারী বিক্রয় হবে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান একটি বিড প্যাকেজের আওতায় যে কয়টি দরপত্র দাখিল করতে ইচ্ছুক সংশ্লিষ্ট দরপত্র নম্বর উল্লেখ পূর্বক দাখিল করতে পারবেন। প্রতিটি দরপত্রের জন্য পৃথক পৃথক আর্নেস্টম্যানি রেট কোটিং সীটে সংযুক্ত করবেন এবং যথাযথভাবে পূরণ করবেন। দরপত্র দলিল অত্র সমিতির অর্থ বিভাগ হতে আগামী ২৮/০১/২০২১ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিড প্যাকেজের জন্য নিম্নের ছকে বিড প্যাকেজ ওয়ারী মূল্য (অফেরং যোগ্য)সিনিয়র জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে পে- অর্ডার / ব্যাংক ড্রাফ্ট/ ক্যাশ শাখায় নগদ জমা প্রদান পূর্বক সংগ্রহ করা যাবে।
- ০৩। দরপত্র সমূহ আগামী ০১/০২/২০২১ ইং বেলা ১২.০০ ঘটিকায় অত্র সমিতিতে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র সমূহ খোলা হবে।
- ০৪। পবিস নির্দেশিকা ১০০-৪১/৪২ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত দরের নিম্ন দরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।
- ০৫। প্রতিটি দরপত্র দাখিলের সময় দলিলের সহিত উদ্ধৃত মূল্যের (৩% হারে) পে-অর্ডার/ ডিম্যান্ড ড্রাফ্ট (চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর বৌগলিক এলাকার যে কোন ব্যাংক শাখার উপর)/ ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্টম্যানি ছাড়া দরপত্র বৈধ বলে গণ্য করা হবে না।
- ০৬। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কালো তালিকাভুক্ত ব্যাংকের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট গ্রহনযোগ্য হবে না।
- ০৭। উদ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় ভ্যাট সহ উদ্ধৃত বলিয়া বিবেচিত হইবে। পৃথক ভাবে ভ্যাট উল্লেখ করা হলে কোন দরপত্র গ্রহন করা হবে না।
- ০৮। দরপত্র ক্রয়ের সময় হালনাগাদ নবায়নকৃত এ.বি.সি ঠিকাদারী ও সুপারভাইজারী লাইসেন্স সত্যায়িত (পবিস / প্রকল্প বিভাগের কর্মকর্তাদ্বারা সত্যায়িত) কপি অথবা নবায়নের জন্য লাইসেন্সিং বোর্ডের নিকট জমা প্রদানের প্রমাণপত্র প্রদর্শন পূর্বক দরপত্র ক্রয় করা যাবে।
- ০৯। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে কোন দরপত্র প্রেরণ করা যাবে না।
- ১০। দরপত্রে প্রদত্ত রেট সিডিউল পবিবোর্ডের সর্বশেষ রেট সিডিউল অনুযায়ী সন্নিবেশিত করা হয়েছে।
- ১১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সম্পূর্ণ দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার নিম্ন স্বাক্ষরকারী সংরক্ষণ করেন।
- ১২। দরপত্র সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যা করার প্রয়োজন হলে, তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০১(এক) দিন পূর্বে লিখিতভাবে জানাতে হবে।
- ১৩। প্রতিটি কার্যাদেশ এর বিপরীতে প্রয়োজনীয় লোকবল নিয়োগ করতে হবে।

১৪। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারন করবেন।

১৫। যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে।


নতুন লাইন নির্মান, স্থানান্তর /রক্ষনাবেক্ষন

বিড প্যাকেজ নং	বিবরণ	পবিসের নাম	প্রকল্প খাত	প্রাক্কলিত ব্যয়	বিড প্যাকেজের মূল্য
০৭/২০২১	শতভাগ বিদ্যুতায়নের জন্য লাইন নির্মান	চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩	ডিএনই (শতভাগ)	৫,০০,০০০.০০	১,০০০/=
০৮/২০২১	শতভাগ বিদ্যুতায়নের জন্য লাইন নির্মান		ডিএনই (শতভাগ)	৫,০০,০০০.০০	১,০০০/=
০৯/২০২১	শতভাগ বিদ্যুতায়নের জন্য লাইন নির্মান		ডিএনই (শতভাগ)	৫,০০,০০০.০০	১,০০০/=
১০/২০২১	শতভাগ বিদ্যুতায়নের জন্য লাইন নির্মান		ডিএনই (শতভাগ)	৫,০০,০০০.০০	১,০০০/=


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি :

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।(সদয় অবগতির জন্য)
- ০২। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, চট্টগ্রাম (উত্তর)।
- ০৩। ডিজিএম, (মিরসরাই/হাটহাজারি/বারইয়ারহাট) জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-৩।
- ০৪। এজিএম (প্রশাসন) চপবিস-৩ (নোটিশ বোর্ড এবং ওয়েব সাইডে প্রকাশের জন্য)
- ০৫। এজিএম (সঃ সেবা/অর্থ/ওএসএম), চট্টগ্রাম পবিস-৩।
- ০৬। প্রকল্প প্রকৌশলী, টিএসএল, চপবিস-৩
- ০৭। মেসার্স-----। (অবগতি ও অংশ গ্রহনের অনুরোধ সহ)
- ০৮। অফিস/ মাষ্টার কপি।


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার